

[Home](#) > [দক্ষিণ বঙ্গ](#) > [বাল্য বিবাহে দেশের মধ্যে প্রথম স্থানে বাংলা : সমীক্ষা রিপোর্ট](#)

বাল্য বিবাহে দেশের মধ্যে প্রথম স্থানে বাংলা : সমীক্ষা রিপোর্ট

on - September 12, 2018



নিউজবাংলা ডেস্ক, কোলাঘাট : সমীক্ষার রিপোর্ট বলছে, দেশের মধ্যে বাল্য বিবাহ রোধে এক্ষেত্রে প্রথম স্থানে রয়েছে বাংলা। কিন্তু এই বাল্য বিবাহ রোধে শুধুমাত্র কঠোর আইন প্রয়োগ করলেই হবে না, তারজন্য চাই সামাজিক সচেতনতা ও সামাজিক সদিচ্ছা।


বুধবার পূর্ব মেদিনীপুরের কোলাঘাটের বলাকা মঞ্চে পশ্চিমবঙ্গ শিশু অধিকার সুরক্ষা আয়োগের উদ্যোগে ও পূর্ব মেদিনীপুর জেলা প্রশাসনের সহযোগিতায় আয়োজিত বাল্যবিবাহ এবং অকাল গর্ভধারণ বিষয়ের কর্মশালায় এসে এমনটাই জানিয়েছেন পশ্চিমবঙ্গ শিশু সুরক্ষা আয়োগের চেয়ারপার্সন অনন্যা চক্রবর্তী।

তিনি আরও জানিয়েছেন, ইয়াং লাইফের সমীক্ষা অনুযায়ী বাল্য বিবাহে গোটা দেশের মধ্যে প্রথম স্থানে রয়েছে এই রাজ্য। এই সামাজিক অপরাধ থেকে বেরিয়ে আসতে সমাজের সব স্তরের মানুষকে একজোট হয়ে লড়াইয়ের আবেদন জানিয়েছেন তিনি।

আর সেই উদ্দেশ্যেই বুধবার পূর্ব মেদিনীপুরের পাশাপাশি পশ্চিম মেদিনীপুর, বাড়গ্রাম জেলার ছাত্রছাত্রী, কন্যাশ্রী ক্লাবের সদস্য, স্বেচ্ছাসেবী সংগঠন, পুরোহিত, মৌলবি, শিক্ষক, অভিভাবক, পঞ্চায়েত প্রতিনিধি সহ পুলিশ, চিকিৎসক, অশ্বষা ক্লিনিকের কাউন্সিলারদের নিয়ে কোলাঘাটে একটি কর্মশালা আয়োজন করা হয়।

কিভাবে বাল্য বিবাহ রোধ করা সম্ভব এবং অকাল গর্ভধারণ একটি মেয়ের পক্ষে কতটা বিপজ্জনক হতে পারে সে বিষয়েই বিস্তারিত আলোচনা হয়েছে এই কর্মশালায়। জেলা

SOCIAL PLUGIN



RECENT

[View all >](#)


“বাবা চোর”,
অভিমনে
নন্দীগ্রামে
আত্মঘাতী
মেয়ে!
September 12,
2018



ভগবানপুরে
এটিএমে
ভয়াবহ
ডাকাতি!
September 12,
2018



বাল্য বিবাহে
দেশের মধ্যে
প্রথম স্থানে
বাংলা :
সমীক্ষা
রিপোর্ট
September 12,
2018



খেজুরিতে
আক্রান্ত
বিজেপি কর্মী,
কাঁথি
হাসপাতালে
চিকিৎসাবীন!
September 12,
2018



ঋতুপর্ন ঘোষ
স্বরণে
রামকমল
মুখার্জীর
প্রথম
স্বল্পদৈর্ঘ্যের
ছবি 'সিডিনস
গ্রিটিংস'
September 12,
2018



এশিয়াড
শেষ, স্বপ্নার
নজর এবার
অলিম্পিকে!
September 12,
2018

POPULAR POSTS



Breaking !
মহিষাদলের
গোপালপুরে ভয়াবহ
দুর্ঘটনা

September 12, 2018



মহিষাদল রাজ
কলেজের রসায়ন

শাসক রাশ্মি কমল জানিয়েছেন, কন্যাশ্রী, রূপশ্রী কর্মসূচী চালু হওয়ার পর থেকে স্কুলে আসা মেয়েদের ক্ষেত্রে বাল্য বিবাহ অনেকটাই কমেছে।

তবে প্রত্যন্ত এলাকায় অনেক পরিবারে সচেতনতার অভাবে আজও কম বয়সে মেয়েদের বিয়ে দেওয়ার প্রবণতা রয়েছে। এই প্রবণতা রোধ করতে সমাজের সব স্তরের মানুষকে হাতে হাতে রেখে কাজ করে যাওয়ার আহ্বান জানিয়েছেন তিনি।

এদিনের আলোচনা সভায় এঁরা ছাড়াও উপস্থিত ছিলেন, নিতাই চন্দ্র মন্ডল (CMOH), প্রসূন বন্দ্যোপাধ্যায়, সৌমিত্র বসু, বিষ্ণুপদ বেরা (DSP), এগরা ব্লকের প্রাক্তন সভাপতি প্রকাশ রায় চৌধুরী।

এছাড়াও ছিলেন অ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনার সংঘমিত্রা ভূঁইয়া মাইতি, নিউ দিল্লীর ইয়াং লাইভের রিসার্চার প্রতাপ মুখোপাধ্যায় প্রমুখরা। কিভাবে পূর্ব মেদিনীপুর জেলা জুড়ে বাল্য বিবাহ রোধ করা সম্ভব হবে সে বিষয়েই আলোকপাত করেন তাঁরা।



হোয়াটসঅ্যাপে প্রতিনিয়ত নিউজ আপডেট পেতে ওপরের আইকনে ক্লিক করুন।

Tags দক্ষিণ বঙ্গ

REACTIONS Funny (0) Interesting (0)
Superb (0)

Facebook Twitter G+ Google+ Pinterest LinkedIn WhatsApp Email

YOU MAY LIKE THESE POSTS



বাল্য বিবাহে দেশের মধ্যে প্রথম স্থানে বাংলা : সমীক্ষা রিপোর্ট
September 12, 2018



গাছতলায় খেতে বসা শ্রমিকদের পিষে দিল ট্রাক্টর!
August 23, 2018



কাঁথির পিছবনীতে অটল বিহারী বাজপেয়ীর দেবলোক যাত্রার প্রার্থনায় কেন্দ্রীয় নেতৃত্ব!
August 18, 2018

বিভাগের ছাত্রী
ইন্দ্রজিতা জানার
অস্বাভাবিক মৃত্যু !

September 08, 2018



সবং-এ শতাধিক গরুর
মৃত্যু মিছিল ঘিরে
এলাকায় ব্যাপক
আতঙ্ক ! (ভিডিও)

September 07, 2018



Breaking ! রূপনারায়ণ
নদীতে ডুবছে
বাংলাদেশী জাহাজ,
দেখুন উদ্ধারকাজের
এক্সকুলসিভ ভিডিও

September 10, 2018



Breaking ! মহিষাদলে
বাস কন্ডাক্টরকে
অপহরণের অভিযোগ
কলেজ ছাত্রদের
বিরুদ্ধে, প্রতিবাদে পথ
অবরোধ (ভিডিও)

September 07, 2018



শালিকের প্রাণ বাঁচিয়ে
পরিবেশ বান্ধব মেডেল
পেল সবংয়ের মশাগ্রাম
শিবানন্দ বিদ্যাপীঠের
ছাত্রী !

September 07, 2018



NewzBangla
1,854 likes

Like Page

Send Message

Be the first of your friends to like this

FEATURED POST

